বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বৈশাখ ৩১, ১৪২০
এফই সার্কুলার নং-০৭ তারিখ ঃ------------------
মে ১৪, ২০১৩

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

**বস্ত্র শিল্প সংশ্লিষ্ট মিলসমূহের জন্য বিশেষ নগদ সহায়তা প্রদান প্রসংগে।**

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ২০, তারিখঃ নভেম্বর ০২, ২০১১ ও এফই সার্কুলার নং ০১, তারিখঃ জানুয়ারি ০২, ২০১৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক অবহিত করা যাচ্ছে যে, উক্ত সার্কুলার দু'টিতে জ্ঞাপিত নির্দেশাবলীর পরিবর্তে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণীয় হবে ঃ

০২। সরকারী সিদ্ধান্ত অনুযায়ী বিটিএমএ এর যে সকল মিল (স্পিনিং/উইভিং) আগষ্ট, ২০১০ হতে মার্চ, ২০১১ সময়ে স্থাপিত ঋণপত্রের মাধ্যমে উচ্চ মূল্যে তুলা আমদানি করে এর দ্বারা উৎপাদিত পণ্য বস্ত্র/বস্ত্রজাত পণ্য রপ্তানিকারক প্রতিষ্ঠানের বরাবরে ডিসেম্বর ৩১, ২০১১ সময়ের মধ্যে স্থানীয়ভাবে সরবরাহ করেছে সে সকল মিল ঐ সরবরাহকৃত পণ্যে ব্যবহৃত তুলার মূল্যের ওপর ৫% (পাঁচ শতাংশ) হারে বিশেষ নগদ সহায়তা পাবে। আলোচ্য সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশাবলী অনুসরণীয় হবে ঃ

(ক) আগষ্ট, ২০১০ হতে মার্চ, ২০১১ সময়কালের পূর্ববর্তী ছয় মাসের তুলা আমদানির গড় মূল্য বিবেচনায় উচ্চ মূল্যে তুলা আমদানি বিষয়ে আবেদনকারী কর্তৃক **ফরম-'ক'** মোতাবেক বিবরণী দাখিল করতে হবে, যা পরীক্ষান্তে অনুমোদিত ডিলার ব্যাংক শাখা উচ্চ মূল্যে আমদানি সম্পর্কে নিশ্চিত হবে।

(খ) স্থানীয়ভাবে সরবরাহকৃত পণ্য বস্ত্র/বস্ত্র সামগ্রী রপ্তানিতে ব্যবহৃত হতে হবে।

(গ) রপ্তানিকৃত বস্ত্রজাত পণ্য উৎপাদনে/প্রক্রিয়াজাতকরণে ব্যবহৃত যে কোন উপাদানের ক্ষেত্রে শুল্ক বন্ড/ডিউটি ড্র-ব্যাক সুবিধা গ্রহণ করা হলে আলোচ্য সুবিধা প্রযোজ্য হবে না। তাছাড়াও বিটিএমএ এর মিলসমূহ কর্তৃক উৎপাদিত পণ্য ইপিজেডস্থ প্রতিষ্ঠানে সরবরাহ করা হলে সেক্ষেত্রেও আলোচ্য সুবিধা প্রযোজ্য হবে না।

(ঘ) উচ্চ মূল্যে আমদানিকৃত তুলা দ্বারা উৎপাদিত পণ্য স্থানীয় ঋণপত্র/ব্যাক টু ব্যাক ঋণপত্র/ডকুমেন্টারী কালেকশন (বৈদেশিক মুদ্রায় পরিশোধিত) এর মাধ্যমে বস্ত্র/বস্ত্রজাত পণ্য রপ্তানিকারক প্রতিষ্ঠানের বরাবরে সরবরাহ করতে হবে।

০৩। বিশেষ নগদ সহায়তার আবেদনপত্র দাখিলের শর্তাবলী ঃ

(ক) বিটিএমএ এর স্পিনিং/উইভিং সংশ্লিষ্ট মিলসমূহ (উৎপাদনকারী-স্থানীয় সরবরাহকারী) উচ্চ মূল্যে আমদানিকৃত তুলা ব্যবহারের মাধ্যমে উৎপাদিত পণ্য ডিসেম্বর ৩১, ২০১১ সময়ের মধ্যে স্থানীয় ঋণপত্র/ব্যাক-টু-ব্যাক ঋণপত্র/ডকুমেন্টারী কালেকশন এর মাধ্যমে স্থানীয় সরবরাহের ক্ষেত্রে অর্জিত বৈদেশিক মুদ্রার বিপরীতে ডকুমেন্ট নেগোশিয়েশনকারী/কালেকশনকারী অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় নির্ধারিত **ফরম-'খ'** পূরণপূর্বক এ সার্কুলার জারির ০১ (এক) মাস ১৫(পনের) দিনের মধ্যে বিশেষ নগদ সহায়তার জন্য আবেদন দাখিল করতে পারবে।

(খ) স্থানীয়ভাবে সরবরাহের স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি যেমন ঃ ডেলিভারী চালান, ট্রাক রিসিপ্ট, কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিষ্ট, মূসক চালান, ইত্যাদি দাখিল করতে হবে। স্থানীয়ভাবে সরবরাহকৃত পণ্যে ব্যবহৃত উচ্চ মূল্যের তুলা আমদানির স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি দাখিল করতে হবে।

০৪। অনুমোদিত ডিলার ব্যাংক শাখা কর্তৃক আবেদনপত্র গ্রহণ, পরীক্ষণ ও পরিশোধ নিষ্পত্তি ঃ

(ক) বিশেষ নগদ সহায়তার আবেদনের সংগে ফরমের বিভিন্ন অনুচ্ছেদে যে সকল কাগজপত্র, সনদপত্র, প্রত্যয়নপত্রের উল্লেখ আছে ঐগুলো সম্পূর্ণ ও পূর্ণাঙ্গ আকারে আবেদনের সাথে যুক্ত থাকার বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক প্রাথমিক পরীক্ষণে নিশ্চিত হবে। বিশেষ নগদ সহায়তার আবেদনের সাথে বিটিএমএ হতে সংযোজিত ছক (**ফরম-'গ'**) মোতাবেক সনদপত্র দাখিল করতে হবে। সনদপত্র/প্রত্যয়ন পত্রগুলোর মধ্যে যেগুলো ব্যাংক শাখা কর্তৃক প্রণীত হয় বা ডকুমেন্ট নেগোশিয়েশন উপলক্ষ্যে ব্যাংক শাখা কর্তৃক প্রক্রিয়াকৃত হয় সেগুলোর যথার্থতা ও সেগুলোতে উল্লেখিত তথ্যাদির শুদ্ধতার বিষয়েও সংশ্লিষ্ট ব্যাংক শাখা নিশ্চিত হবে। প্রাথমিক পরীক্ষণে পরিলক্ষিত ত্রুটির/অসম্পূর্ণতার (যদি থাকে) বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক শাখা আবেদনপত্র প্রাপ্তির ০৩(তিন) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে আবেদনকারী প্রতিষ্ঠানকে অবহিত করবে। একই সময়ের মধ্যে চূড়ান্ত রপ্তানি সংশ্লিষ্ট ব্যাংকের নিকট হতে প্রয়োজনীয় তথ্য/কাগজপত্রাদি সংগ্রহের উদ্যোগ গ্রহণ করবে। চূড়ান্ত রপ্তানিকারকের ব্যাংক ন্যূনতম সময়ের মধ্যে যাচিত তথ্যাদি সরবরাহ করবে।

(খ) প্রয়োজনীয় ক্ষেত্রে আবেদনকারী হতে অতিরিক্ত ব্যাখ্যা/তথ্যাদি প্রাপ্তি, স্থানীয় সরবরাহ ও সরবরাহ মূল্য প্রাপ্তি এবং আমদানি দায় পরিশোধের বিষয়ে ব্যাংক শাখার স্বীয় রেকর্ড হতে তথ্যাদি/সনদপত্র সংযোজনান্তে আবেদনপত্র পূর্ণাঙ্গ ও সম্পূর্ণ হবার পর অনুমোদিত ডিলার পরিশোধযোগ্য অংক নিরূপন করবে। আবেদনপত্রে অনুমোদিত ডিলার ব্যাংক কর্তৃক ব্যবহারের জন্য নির্ধারিত অংশের নির্দেশনাগুলো পর্যায়ক্রমিকভাবে অনুসরণ করে এ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

চলমান পাতা - ০২

(গ) বিশেষ নগদ সহায়তা প্রদানের পূর্বে প্রদেয় অর্থের সঠিকতার বিষয়ে নিযুক্ত বহিঃনিরীক্ষক ফার্ম দ্বারা প্রতিটি আবেদনপত্র নিরীক্ষা করাতে হবে। নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের পর সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়ের মাধ্যমে বিশেষ নগদ সহায়তা বাবদ অর্থের দাবী বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের একাউন্টস এন্ড বাজেটিং বিভাগে প্রেরণ করতে হবে। বাংলাদেশ ব্যাংক থেকে ছাড়কৃত বিশেষ নগদ সহায়তার প্রেক্ষিতে আবেদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে পরিশোধিত অর্থের বিবরণী **ফরম-'ঘ'** অনুসারে সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়ের মাধ্যমে পরবর্তী মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের বৈদেশিক মুদ্রা পরিদর্শন বিভাগে দাখিল করতে হবে।

(ঘ) প্রতিক্ষেত্রে বিশেষ নগদ সহায়তা পরিশোধ অনুমোদনের সংগে সংগে সংশ্লিষ্ট স্থানীয় সরবরাহ মূল্যের প্রত্যাবাসন সনদপত্র (পিআরসি, গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন, ২০০৯ এর এপেন্ডিক্স-৫/২৩(এ) মোতাবেক), ডেলিভারী চালান, ট্রাক রিসিপ্ট, কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিষ্ট, মূসক চালান এর ওপরে সহজে দৃষ্টি গোচর হয় এমন স্থানে বিশেষ নগদ সহায়তা পরিশোধিত মর্মে সীল এবং পরিশোধ অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর সন্নিবেশ করতে হবে, যাতে ঐ সকল দলিলাদি অপব্যবহারের সুযোগ না থাকে। একই সরবরাহের বিপরীতে একাধিকবার পিআরসি ইস্যুকৃত না হওয়ার বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে (এফই সার্কুলার নং ০৬/৯৮ এর নির্দেশনা মোতাবেক) বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। এজন্য শাখায় রক্ষিত রেজিষ্টারে সংশ্লিষ্ট সরবরাহের অন্যান্য তথ্যের সাথে প্রতি ক্ষেত্রে পিআরসি ইস্যুর তথ্য তারিখসহ সুবিধাজনকভাবে লিপিবদ্ধ রাখতে হবে।

(ঙ) বিশেষ নগদ সহায়তা পরিশোধ নিষ্পত্তি সংশ্লিষ্ট সকল কাগজপত্র বাংলাদেশ ব্যাংকের পরিদর্শনের/সরকারী বাণিজ্যিক নিরীক্ষা বিভাগের পরীক্ষণের জন্য পরিশোধের তারিখ হতে অন্যূন ০৩(তিন) বছর পর্যন্ত শাখায় সংরক্ষণ করতে হবে।

০৫। বিশেষ নগদ সহায়তা অনিয়মিতভাবে পরিশোধের শাস্তিমূলক ব্যবস্থাদি ঃ

(ক) বিশেষ নগদ সহায়তা বিধিবহির্ভূতভাবে পরিশোধ করা হলে পরিশোধকৃত অর্থ বাংলাদেশ ব্যাংকের সাথে রক্ষিত পরিশোধকারী ব্যাংকের হিসাব বিকলনপূর্বক আদায় করা হবে।

(খ) সংঘটিত অনিয়মের সংগে জড়িত ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী ঃ বর্ণনা মোতাবেক।



(মোঃ জাকির হোসেন চৌধুরী)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০২৫০

ফরম-‘ক’

(অনুচ্ছেদ ০২(ক), এফই সার্কুলার নং ০৭ /২০১৩ দ্রষ্টব্য)

| আগষ্ট, ২০১০ হতে মার্চ, ২০১১ সময়ের তুলা আমদানি তথ্য | | | | | | | ফেব্রুয়ারী, ২০১০ হতে জুলাই, ২০১০ সময়ের তুলা আমদানি তথ্য | | | | | | ইউনিট প্রতি উচ্চ মূল্য | মোট উচ্চ মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | আমদানি ঋণপত্র নং | তারিখ | পণ্য দেশে প্রবিষ্ট হওয়ার তারিখ | পণ্যের পরিমান | আমদানি মূল্য | ইউনিট প্রতি মূল্য | আমদানি ঋণপত্র নং | তারিখ | পণ্য দেশে প্রবিষ্ট হওয়ার তারিখ | পণ্যের পরিমান | আমদানি মূল্য | ইউনিট প্রতি মূল্য | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ = ৬/৫ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ = ১২/১১ | ১৪ = ৭-১৩ | ১৫ = ৫*১৪ |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | |

.................................................
আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর নাম ও পদবী

(অনুচ্ছেদ ০৩(ক) এফই সার্কুলার নং- ০৭/২০১৩ দ্রষ্টব্য) **ফরম-'খ'**

## বস্ত্রশিল্প সংশ্লিষ্ট মিলসমূহকে বিশেষ নগদ সহায়তার জন্য আবেদনপত্র

(ক) আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ -----------------------------------

রপ্তানি নিবন্ধন সনদপত্র নম্বর ঃ -------------------------------------------------

(খ) আগষ্ট,২০১০ হতে মার্চ, ২০১১ সময়ে উচ্চ মূল্যে তুলা আমদানির বিবরণ ঃ

| সরবরাহকারীর নাম ও ঠিকানা | আমদানিকারকের নাম, ঠিকানা ও আমদানি লাইসেন্স/নিবন্ধন নম্বর | আমদানি ঋণপত্রের নম্বর ও তারিখ | তুলা আমদানির পরিমাণ (মেঃ টন) | আমদানি সংশ্লিষ্ট ইনভয়েস, প্যাকিং লিষ্ট, বিল অব লেডিং, সার্টিফিকেট অব অরিজিন এর নম্বর ও তারিখ | বিল অব এন্ট্রি এর নম্বর ও তারিখ | আমদানি মূল্য পরিশোধের তারিখ | মূল্য বৈদেশিক মুদ্রায় | মূল্য স্থানীয় মুদ্রায় | ইউনিট প্রতি গড় মূল্য (স্থানীয় মুদ্রায়) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| -১- | -২- | -৩- | -৪- | -৫- | -৬- | -৭- | -৮- | -৯- | ১০=(৯/৪) |

এতদসংগে আগষ্ট, ২০১০ হতে মার্চ, ২০১১ সময়ে উচ্চ মূল্যে তুলা আমদানি সংক্রান্ত ঋণপত্র, ইনভয়েস, প্যাকিং লিষ্ট, বিল অব লেডিং, সার্টিফিকেট অব অরিজিন, আমদানি দায় পরিশোধ বিষয়ক দলিলাদি, আমদানিকারকের আমদানি লাইসেন্স এবং বিল অব এন্ট্রি এর সত্যায়িত (তুলা আমদানির জন্য ঋণ পত্র স্থাপনকারী ব্যাংক কর্তৃক) কপি দাখিল করতে হবে। উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত উপকরণাদির জন্য শুল্ক বন্ড সুবিধা গ্রহণ করা হয়নি এবং ডিউটি ড্র-ব্যাক অথবা ভর্তুকী সুবিধার আবেদনও করা হয়নি ও ভবিষ্যতে করা হবে না মর্মে স্থানীয় সরবরাহকারীর ঘোষনাপত্র দাখিল করতে হবে। তাছাড়া তুলা আমদানির মূল্য স্থানীয় মুদ্রায় হিসাবায়নের ক্ষেত্রে আমদানি মূল্য পরিশোধ সময়ের আমদানিকারক ব্যাংক কর্তৃক নির্ধারিত টাকা-মার্কিন ডলারের বিনিময় হার গণ্য করতে হবে।

(গ) স্থানীয়ভাবে সরবরাহের নিমিত্তে বৈদেশিক মুদ্রায় প্রাপ্ত স্থানীয় ঋণপত্র/ব্যাক-টু-ব্যাক ঋণপত্র/ডকুমেন্টরী কালেকশন নম্বর, তারিখ ও মূল্য --------------------------------------

পাঠযোগ্য ও ঋণপত্র স্থাপনকারী ব্যাংক কর্তৃক সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(ঘ) স্থানীয়ভাবে সরবরাহের নিমিত্তে বৈদেশিক মুদ্রায় প্রাপ্ত স্থানীয় ঋণপত্র/ব্যাক-টু-ব্যাক ঋণপত্র/ডকুমেন্টরী কালেকশন এর বিপরীতে উপরোক্ত 'খ' অনুচ্ছেদ অনুযায়ী/সমর্থিত সরবরাহকৃত পণ্যের বিপরীতে আমদানিকৃত তুলার ব্যবহারের তথ্য ঃ

| স্থানীয়ভাবে সরবরাহকৃত পণ্যে ব্যবহৃত তুলা | | | ইতোপূর্বে বিশেষ নগদ সহায়তার আবেদনে ব্যবহৃত তুলা সংক্রান্ত তথ্য | | | অবশিষ্ট তুলা | |
|---|---|---|---|---|---|---|---|
| পরিমাণ | ইউনিট প্রতি গড় মূল্য (স্থানীয় মুদ্রা*) | মোট মূল্য (স্থানীয় মুদ্রা) | আবেদনপত্রের তারিখ | তুলার পরিমাণ | মূল্য (স্থানীয় মুদ্রা) | তুলার পরিমাণ | মূল্য (স্থানীয় মুদ্রা) |
| -১- | -২- | ৩ = (১ X ২) | -৪- | -৫- | -৬- | -৭- | -৮- |

স্থানীয়ভাবে সরবরাহকৃত পণ্যে সংশ্লিষ্ট সময়ে আমদানিকৃত তুলা ব্যবহারের পরিমাণ ও মূল্য সম্পর্কে বিটিএমএ এর প্রত্যয়ন দ্বারা সমর্থিত হতে হবে।

* উপরোক্ত 'খ' অনুচ্ছেদের ১০নং কলাম মোতাবেক।

(ঙ) স্থানীয়ভাবে সরবরাহের নিমিত্তে বৈদেশিক মুদ্রায় প্রাপ্ত স্থানীয় ঋণপত্র/ব্যাক-টু-ব্যাক ঋণপত্র/ডকুমেন্টরী কালেকশন এর বিপরীতে উপরোক্ত 'খ', 'গ', ও 'ঘ' অনুচ্ছেদ অনুযায়ী/সমর্থিত স্থানীয়ভাবে সরবরাহকৃত পণ্যের চালানের বিবরণ ঃ

| সরবরাহ গ্রহণকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | পণ্যের বর্ণনা | পরিমাণ | ইনভয়েস মূল্য (বৈদেশিক মুদ্রায়) | সরবরাহের তারিখ | ডেলিভারী চালান নং | বৈদেশিক মুদ্রায় প্রাপ্ত সরবরাহ মূল্য ও প্রাপ্তির তারিখ |
|---|---|---|---|---|---|---|
| -১- | -২- | -৩- | -৪- | -৫- | -৬- | -৭- |

ডেলিভারী চালান, ট্রাক রিসিপ্ট, কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিষ্ট, মূসক চালান ইত্যাদির সত্যায়িত ও পাঠযোগ্য কপি এবং প্রত্যাবাসন সনদপত্র (পিআরসি) দাখিল করতে হবে। এ সকল তথ্যাদি বৈদেশিক মুদ্রায় প্রাপ্ত স্থানীয় ঋণপত্র/ব্যাক-টু-ব্যাক ঋণপত্র/ডকুমেন্টরী কালেকশনকারী ব্যাংক কর্তৃক সত্যায়িত হতে হবে। তাছাড়া সরবরাহকৃত পণ্য উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত উপকরণাদির জন্য শুল্ক বন্ড সুবিধা গ্রহণ করা হয়নি এবং ডিউটি ড্র-ব্যাক অথবা বিশেষ নগদ সহায়তার আবেদনও করা হয়নি ও ভবিষ্যতে করা হবে না মর্মে স্থানীয়ভাবে সরবরাহকারীর ঘোষণা দাখিল করতে হবে।

(চ) স্থানীয়ভাবে সরবরাহের নিমিত্তে বৈদেশিক মুদ্রায় প্রাপ্ত স্থানীয় ঋণপত্র/ব্যাক-টু-ব্যাক ঋণপত্র/ডকুমেন্টরী কালেকশন এর বিপরীতে উপরোক্ত 'খ', 'গ', 'ঘ' ও 'ঙ' অনুচ্ছেদ অনুযায়ী/সমর্থিত সরবরাহকৃত উপকরণাদি ব্যবহারের মাধ্যমে উৎপাদিত পণ্যের চূড়ান্ত রপ্তানি সংক্রান্ত বিবরণ ঃ

| চূড়ান্ত রপ্তানিকারকের নাম ও ঠিকানা | চূড়ান্ত রপ্তানির ঋণপত্র/ চুক্তিপত্র নং, তারিখ ও মূল্য | ইএক্সপি ফরম নম্বর | রপ্তানি মূল্য প্রত্যাবাসনের তারিখ | প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের পরিমাণ |
|---|---|---|---|---|
| -১- | -২- | -৩- | -৪- | -৫- |

চূড়ান্ত রপ্তানিকারকের ব্যাংক এর উপযুক্ত কর্মকর্তা (আমদানি-রপ্তানি বাণিজ্য সংশ্লিষ্ট প্রধান কর্মকর্তা) কর্তৃক প্রত্যায়িত চূড়ান্ত রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র, ইএক্সপি ফরম, বিল অব এক্সপোর্ট/শিপিং বিল, রপ্তানি মূল্য প্রত্যাবাসন সম্পর্কিত পিআরসি ইত্যাদি সংযোজন করতে হবে। আলোচ্য সার্কুলারের ৪(ক) অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা মোতাবেক অনুমোদিত ডিলার ব্যাংক শাখা চূড়ান্ত রপ্তানি সংশ্লিষ্ট ব্যাংকের নিকট হতে এ সকল তথ্য/দলিলাদি সংগ্রহের উদ্যোগ গ্রহণ করবে। উপরোক্ত ছকে বর্ণিত তথ্যাদি ও সংযোজনকৃত দলিলাদির মধ্যে সামঞ্জস্যতা পরীক্ষা-নিরীক্ষা পূর্বক অনুমোদিত ডিলার ব্যাংক কর্তৃক ছকের তথ্যাদি সঠিক মর্মে প্রত্যায়ন করতে হবে।

(ছ) বিশেষ নগদ সহায়তা প্রাপ্তির জন্য আবেদনকৃত অংক ঃ

| পণ্যের বর্ণনা | পরিমাণ | স্থানীয়ভাবে সরবরাহকৃত পণ্যের বিপরীতে প্রাপ্ত সরবরাহ মূল্য | সরবরাহকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত তুলার মূল্য (উপরোক্ত 'ঘ' অনুচ্ছেদের ৩নং কলাম মোতাবেক) | প্রাপ্য বিশেষ নগদ সহায়তা (এ অনুচ্ছেদের কলাম নং-৪ X ৫/১০০) |
|---|---|---|---|---|
| -১- | -২- | -৩- | -৪- | -৫- |

উপরোক্ত তথ্যাদি 'খ', 'গ', 'ঘ', 'ঙ' ও 'চ' অনুচ্ছেদ অনুযায়ী/সমর্থিত হতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে স্থানীয় পরিবহন ভাড়ার উল্লেখ সম্বলিত পরিবহণ ভাড়ার সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

এ মর্মে অঙ্গীকার করা যাচ্ছে যে, আমাদের মিলে আগষ্ট, ২০১০ হতে মার্চ, ২০১১ সময়ে স্থাপিত ঋণপত্রের মাধ্যমে উচ্চ মূল্যে আমদানিকৃত তুলা দ্বারা উৎপাদিত পণ্য সরবরাহের বিপরীতে বিশেষ নগদ সহায়তার জন্য আবেদন করা হল। এ আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য/ঘোষণা সম্পূর্ণ ও সঠিক। যদি পরবর্তীতে কোন ভুল/অসত্য তথ্য/প্রতারণা/জালিয়াতি উদঘাটিত হয় তবে গৃহীত বিশেষ নগদ সহায়তার সমুদয় অর্থ (প্রযোজ্য সুদসহ) আমার/আমাদের নিকট হতে এবং/অথবা আমার/আমাদের ব্যাংক হিসাব থেকে আদায়/ফেরত নেয়া যাবে।

তারিখ ঃ ---------------------

-----------------------------------

আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও পদবী।

(জ) বিশেষ নগদ সহায়তা প্রদানকারী ব্যাংক শাখা কর্তৃক পূরণীয় ঃ

| পণ্যের বর্ণনা | পরিমাণ | স্থানীয়ভাবে সরবরাহকৃত পণ্যের বিপরীতে প্রাপ্ত সরবরাহ মূল্য | সরবরাহকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত তুলার মূল্য (উপরোক্ত 'ঘ' অনুচ্ছেদের ৩নং কলাম মোতাবেক) | প্রাপ্য বিশেষ নগদ সহায়তা (এ অনুচ্ছেদের কলাম নং-৪ X ৫/১০০) |
|---|---|---|---|---|
| -১- | -২- | -৩- | -৪- | -৫- |

উপরোক্ত তথ্যাদি 'খ', 'গ', 'ঘ', 'ঙ' ও 'চ' অনুচ্ছেদ অনুযায়ী/সমর্থিত মর্মে পরীক্ষান্তে নিশ্চিত হয়েছি। এক্ষেত্রে বিশেষ নগদ সহায়তার পরিমাণ --------------- টাকা (কথায় ঃ -----------------)।
পরিশোধের তারিখ ঃ --------------------

---------------------------------------

বিশেষ নগদ সহায়তা অনুমোদনের ক্ষমতাপ্রাপ্ত
ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবী

ফরম-'গ'

(অনুচ্ছেদ ০৪(ক), এফই সার্কুলার নং - ০৭/২০১৩ দ্রষ্টব্য)

# BANGLADESH TEXTILE MILLS ASSOCIATION

## Certificate for Special Cash Incentive

Export L.C./ Contract No.......................................................................... Date................................

Exporter's Name............................................................................................... Name of Bank Branch.............................

Total quantity & Items under export LC/ Contract ..................................................Value................................

Inland LC/Back to Back LC/Documentary Collections No............................... Date.............Value..............................

LC Opening Bank................................................................................. Branch .............................. ..

Expiry date of L/C.............................. Excise Gate Pass No................. Date....................................

Import LC No.............................. Date................. Quantity............................Value......................

Quantity used for below delivery..................................... Value........................................

| Description of Item | Quantity or Weight | Date of Delivery | Commercial Invoice No.& Date |
|---|---|---|---|

We hereby declare that the above goods have been produced/manufactured in

______________________________________________________________________,Bangladesh by using
(Name of the Spinning/Weaving Mill & Address)
cotton imported at higher price against import LC opened during the period from August, 2010 to March, 2011. Annual production/manufacturing capacity (as per certificate issued by the concerned authority) of the Mill is__________ and the above goods have been supplied to M/s.________________________________________________________

(Name of the Buyer & Address)

( )
Authorized Signatory's Name with Designation

Seal of the Mill

__________________________
Date

I, the undersigned, Secretary General of Bangladesh Textile Mills Association, Dhaka hereby certify that the above declaration was made before me. As far as ascertained from documentary proof submitted, the above goods have been produced/manufactured in Bangladesh by using cotton imported at higher price against import LC opened during the period from August, 2010 to March, 2011 .

Certificate No.

Date.

| BTMA Yarn Supplied for | |
|---|---|
| KNIT: WOVEN FABRIC/HOME TEXTILES/ KNIT: WOVEN RMG | |
| Quantity : kgs.<br>mtrs/yds | FOB/CIF/CFR<br>Export price |
| Value USD/EURO/DEM/GBP | |

Seal & Signature

*Any overwriting, erasing or correction will make this certificate invalid*

ফরম-'ঘ'

(অনুচ্ছেদ ০৪(গ), এফই সার্কুলার নং- ০৭/২০১৩ দ্রষ্টব্য)

| বিশেষ নগদ সহায়তার আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | স্থানীয়ভাবে সরবরাহের তথ্য | | | | | পরিশোধিত বিশেষ নগদ সহায়তা (টাকা) | পরিশোধের তারিখ | শাখায় প্রাপ্ত অনিষ্পন্ন আবেদন | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পণ্যের বিবরণ | স্থানীয় সরবরাহের তারিখ ও গন্তব্যস্থল | ডেলিভারী চালান নম্বর | সরবরাহের বিপরীতে প্রাপ্ত মোট মূল্য (বৈদেশিক মুদ্রা) | নীট সরবরাহ মূল্য (বৈদেশিক মুদ্রা) | | | সংখ্যা | দাবীকৃত অর্থ (টাকা) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |

...............
দাপ্তরিক সীল

-----------------------------------------
বিশেষ নগদ সহায়তা অনুমোদনের ক্ষমতাপ্রাপ্ত
ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবী